

## আমার ধান আমার চাতাল

ধান ও শস্য শুকানোর চাতাল, শুকানোর যন্ত্র ও সংরক্ষণ গোলা বানানোর জন্য প্রকল্প।

কি কি সুবিধা পাওয়া যায় :

ঊ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, কৃষক গোষ্ঠী সমূহ, স্বনির্ভর গোষ্ঠী ইত্যাদির মধ্যে থেকে নির্বাচিত উপভোক্তাদের সেদ্ধ ধান শুকানোর চাতাল, ভিজে ধান শুকানোর যন্ত্র এবং স্বল্প মূল্যে উন্নত ধান ও শস্য সংরক্ষণ গোলা বানানোর জন্য যথাক্রমে ১০,০০০ টাকা, ৮০০০ টাকা এবং ৫০০০ টাকা এককালীন সহায়তা জেলা শাসকের সভাপতিত্বে গঠিত জেলাস্তরীয় অনুমোদন কমিটির অনুমোদন সাপেক্ষে উপভোক্তাদের কে. সি. সি বা ব্যাঙ্ক একাউন্ট-এ সরাসরি প্রদান করার ব্যবস্থা করা হয়েছে। সহায়তা সুবিধাভোগীর ব্যাঙ্ক একাউন্ট বা কে. সি. সি একাউন্ট-এ জমা করা হয়।

কে বা কারা সাহায্য পাবেন :-

ঊ রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, কৃষক গোষ্ঠী সমূহ, স্বনির্ভর গোষ্ঠী ইত্যাদি। স্কিমটিকে অর্থবহ করে তোলার জন্য কোনও একজন জন উপভোক্তা এক সঙ্গে একাধিক সুবিধা পেতে পারে।

সাহায্যের জন্য কোথায় যোগাযোগ করবেন :-

ঊ কৃষিজ বিপণন দপ্তরের জেলা আধিকারিকের অফিস।